সংবাদ

তারিখ ... AUG 05 2006 ...
পৃষ্ঠা ৫ কলাম ...

# নীলফামারী ও পাবনায় ১ হাজার টাকায় শিক্ষক নিবন্ধীকরণ ফরম মিলছে না

## ০ রংপুরে ডিসি অফিস ঘেরাও

সংবাদ জাতীয় ডেস্ক

নীলফামারী ও পাবনায় বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষার ফরমের তীব্র সঙ্কট দেখা দিয়েছে। ৪২৫ টাকা মূল্যের প্রতিটি ফরম ১০০০ টাকা দিয়েও মিলছে না। এদিকে রংপুরে হাজার হাজার চাকরি প্রার্থী জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও করেছে। অগ্রণী ব্যাংকে ফরম না পাওয়ায় প্রার্থীদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। সংবাদ প্রতিনিধিরা জানান :

**নীলফামারী/সৈয়দপুর** : কলেজ, হাইস্কুল ও কারিগরি শাখায় চাকরিপ্রার্থীরা ফরমের জন্য ধরনা দিয়ে ফিরছেন; জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের বেসরকারি শিক্ষক নিবন্ধন প্রত্যয়ন কর্তৃপক্ষ গত ১৩ জুলাই এক পরিপত্রে বেসরকারি শিক্ষকদের নিবন্ধনের জন্য দরখাস্ত দাখিলের আহ্বান জানায়। কর্তৃপক্ষের অফিসে দরখাস্ত দাখিলের শেষ সময় ৬ আগস্ট নির্ধারণ করে ফরম বিক্রির দায়িত্ব দেয়া হয় অগ্রণী ব্যাংকের প্রধান শাখাগুলোকে।

নীলফামারী অগ্রণী ব্যাংকের প্রধান শাখায় পাঠানো হয়। হাইস্কুল ও কারিগরি শাখার ফরম কিছু থাকলেও কলেজ শাখার ফরম ৩১ জুলাই শেষ হয়ে যায়। শাখা ব্যবস্থাপক আরও ফরম চেয়ে কর্তৃপক্ষের কাছে ৩১ জুলাই পত্র পাঠালেও আজ পর্যন্ত ফরম পৌঁছেনি।

প্রভাষক পদে নিবন্ধনের ফরম নিতে আসা নূরুল আমিন জানান, দু'দিন ধরনা দিয়েও তিনি ফরম পাননি। বাংলা বিভাগের চঞ্চল চ্যাটার্জি ও রোকনুজ্জামান জানান, রাজশাহী বিভাগের কোথাও কলেজ শাখার ফরম নেই।

জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট নীলফামারী জেলা শাখার আহ্বায়ক সরওয়ার মানিক জানান, বেসরকারি শিক্ষক নিবন্ধন প্রত্যয়ন কর্তৃপক্ষ একদিকে চাহিদার তুলনায় কম ফরম পাঠিয়েছে, অপরদিকে দরখাস্ত দাখিলের সময় কম দিয়েছেন। ফরম সঙ্কটের কারণে অনেক যোগ্যপ্রার্থী আবেদনের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তিনি পর্যাপ্ত সংখ্যক ফরম সরবরাহ করে সময়সীমা বাড়ানোর দাবি জানান।

অগ্রণী ব্যাংক নীলফামারী শাখা ব্যবস্থাপক শাহজাহান মিঞা জানান, এনটিআরসিএ থেকে পাঠানো ফরম মাত্র ৯ দিনে শেষ হয়ে গেছে।

**পাবনা** : জেলায় বুধবার বিকেল পর্যন্ত শত শত

নিয়ন্ত্রণকারী অগ্রণী ব্যাংক প্রধান শাখ
যোগাযোগ করা হলে জানা যায়, শিক্ষা ম
দু'দফায় ২ হাজার ৩০০ ফরম পাঠানে
জুলাই থেকে ফরম বিতরণ শুরু হয়। ম
হাইস্কুল শিক্ষক নিবন্ধন ফরম ২
কলেজের জন্য কোন ফরম নেই।

**রংপুর** : শত শত পরীক্ষার্থী গত বৃহস
রংপুর জেলা প্রশাসকের কার্যালয় ঘে
বিক্ষোভ প্রদর্শন করেছে। সেখানে
সমাবেশে ফিরোজ, ফারুক ও মেহেদী
করেন। তারা অভিযোগ করেন, রংপুরে
ব্যাংকের প্রধান শাখা থেকে ফরম বিক্রি
কথা থাকলেও গত দু'দিন ধরে ফরম
তারা বিক্রি করছে না। এ ব্যাপারে
ব্যাংকে যোগাযোগ করা হলে জাহিদ হাস
এক কর্মকর্তা জানান, তারা এ পর্যন্ত
হাজার ফরম পেয়েছেন। এর মধ্যে
কারিগরি বিদ্যালয়ের ও এক হাজার ব
ও কলেজে শিক্ষক পদে নিবন্ধীকরণে
তিনি জানান, কন্টিনেন্টাল কুরিয়ার
আরও ফরম আসার কথা থাকলেও গা
হয়ে পড়ায় তারা ফরম পাননি বলে
তবে আবেদনকারীরা অভিযোগ ক